

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(২০২৪ সনের ১৩৯নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ০৭ মে, ২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ মিনিট
হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইল:

১.

বিচারপতি এ, কে, এম, আসাদুজ্জামান

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির
বিরুদ্ধে অনুধর্ঘ ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির
বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য
অনুধর্ঘ ৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির
বিরুদ্ধে অনুধর্ঘ ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির
বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনুধর্ঘ ৬,০০,০০,০০০ টাকা মানের
আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনুধর্ঘ ৬,০০,০০০০০ টাকা
মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); একক বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল; যে
সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিখন্ত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ
ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১খ্রি: তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার
দেওয়ানী মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

স্বাঃ/-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখ: ০৬ মে, ২০২৪ খ্রি.

প্রচারের জন্যঃ

১.

বিচারপতি এ, কে, এম, আসাদুজ্জামান